

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladesh-bank.org

তারিখ ০৮, ১৪১৭

এফ,ই সার্কুলার নং- ১৪

তারিখ :

আগস্ট ২৩, ২০১০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়,

সরকারী ও বেসরকারী খাতের পাটকলসমূহের উৎপাদিত পাটজাত পণ্য
রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকী প্রদান প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে নভেম্বর ১৬, ১৯৯৮ তারিখে জারিকৃত এফ,ই সার্কুলার নং ১১ এর প্রতি দৃষ্টি
আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, পাটকলে উৎপাদিত পাটজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানি বিল
নেগোশিয়েশন/কালেকশনের পাশাপাশি টিটি'র মাধ্যমে প্রাপ্ত অগ্রিম মূল্যের বিপরীতে ভর্তুকী সুবিধা নিম্নোক্ত
শর্তাবলী পরিপালন সাপেক্ষে বিবেচনাযোগ্য হইবে :

(ক) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি রপ্তানি ঝণপত্র/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে
হইবে। সংশ্লিষ্ট রপ্তানি পণ্যের সঠিক মূল্য ও পরিমাণ এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে
বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন সনদ (সংযোজনী-ক মোতাবেক) দ্বারা সমর্থিত
হইতে হইবে।

(খ) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন শর্তবুক্ত রপ্তানি ঝণপত্র/চুক্তিপত্রের বিপরীতে রপ্তানির ক্ষেত্রে
অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ হইতে প্রক্ত
রপ্তানির বিপরীতে টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের
ভিত্তিতে নিশ্চিত হইয়া এতদ্বিষয়ে ঘোষনা প্রদান করিতে হইবে।

(গ) নগদ ভর্তুকীর জন্য রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশনের পাশাপাশি টিটি'র মাধ্যমে প্রাপ্ত মূল্য
বিবেচনার বিষয়টি পাকিস্তান, ভারত, হংকং ও সিংগাপুর ব্যতীত অন্যান্য দেশে রপ্তানির জন্য প্রযোজ্য হইবে।

(ঘ) সার্কুলার জারির তারিখ (ভর্তুকী সুবিধা প্রযোজ্য থাকা সাপেক্ষে) হইতে জাহাজীকরণকৃত পণ্যের
ক্ষেত্রে রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশনের পাশাপাশি টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ পদ্ধতি কার্যকর
হইবে।

০২। পাটজাত পণ্য রপ্তানি খাতে নগদ ভর্তুকী পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই
সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকিবে।

০৩। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্রমে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীং ০১(এক) পাতা।

(খন্দকার আব্দুস সেলিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫

বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়ন সনদ পত্র

সরকারী ও বেসরকারী খাতের পাটকলসমূহের উৎপাদিত পাটজাত পণ্য
রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকী প্রাপ্তির প্রত্যয়ন সনদ পত্র।

১।	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম	ঠিকানা	:	তারিখ	মূল্যমান :
২।	রপ্তানি খণ্ডপত্র/রপ্তানি চুক্তিপত্রের নম্বর :				
৩।	বিদেশী ক্রেতার নাম :	ঠিকানা :			
৪।	বিদেশী ক্রেতার ব্যাংকের নাম :	ঠিকানা :			
৫।	ক) ইনভয়েস নম্বর :			তারিখ	মূল্য
	খ) ইনভয়েস উল্লেখিত পণ্যের পরিমাণ :				
৬।	ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরণাদির বর্ণনা:			পরিমাণ :	মূল্য :
	খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা):				
৭।	ক) রপ্তানি পণ্যের বিবরণ :			মূল্য	মূল্য :
	খ) পরিমাণ :				
৮।	জাহাজীকরনের তারিখ :			গন্তব্য বন্দর	মূল্য :
৯।	ইএক্সপ্রি নম্বর :			তারিখ	মূল্য :
১০।	মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়)		:		
১১।	প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর		:	তারিখ	মূল্য :
১২।	নেট এফওবি মূল্য		:		

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, আমাদের নিজস্ব পাটকলে উৎপাদিত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকীর জন্য উপরোক্ত অনুচ্ছেদসমূহে উল্লেখিত বক্তব্য সঠিক ও নিষ্কুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়দেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষনাগুলির যথার্থতা যাচাইয়াতে সঠিক পাওয়া গিয়াছে; ঘোষনা মোতাবেক সঠিক মূল্যে সংগ্রহকৃত উৎপাদন উপকরণাদি সঠিক পরিমাণ ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পাটজাত পণ্য রপ্তানি করা হইয়াছে। ঘোষিত রপ্তানিমূল্য যুক্তিযুক্ত ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়াছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়াছে। প্রত্যাবাসিত মূল্যের অনুকূলে উপরোক্ত রপ্তানিকারককে নগদ ভর্তুকী প্রদানের জন্য সুপারিশ করা হইল।

বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন এর দুইজন কর্মকর্তার স্বাক্ষর ও সীল

কোন পকার ঘষামাজা, কাটাহেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
--